গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৭.২০১৬-১০৩ তারিখঃ ৩০.০৪.২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ 'মেডিকেল কলেজ হাসপাতাল ব্যবস্থাপনা: জনবান্ধব স্বাস্থ্যসেবা ও উদ্ভাবন' বিষয়ক সোশ্যাল মিডিয়া সংলাপ।**

সূত্র: স্বাপকম স্মারক নং- ৪৫.১৪১.০৯৩.০১০.০০.০০৭.২০১৬-৫৩, তারিখঃ ২২.০২.২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মেডিকেল কলেজ হাসপাতাল ব্যবস্থাপনায় অধিক স্বচ্ছতা, জবাবদিহিতা, উদ্ভাবন ও উত্তম চর্চা নিশ্চিত করার লক্ষ্যে গত ২২ মার্চ ২০১৭ তারিখে মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত সোশ্যাল মিডিয়া সংলাপ এর প্রেরিত রেকর্ড অব নোটস অনুসরণে পরবর্তি কার্যক্রমের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্ত: বর্ণনামতে।

৩০.০৪.২০১৭
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোন: ৯৫৪০৩৬২
ই-মেইল: monitor@mohfw.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), ঢাকা।
৩. যুগ্মপ্রধান, পরিকল্পনা অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৫. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৬. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে:
১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

Access to Information (a2i) Programme
Prime Minister's Office

স্মারক নং-০৩.৮০১.০০৮.০০.০০.০০৮.২০১৭-

তারিখ: ২২ চৈত্র ১৪২৩
০৫ এপ্রিল ২০১৭

বিষয়ঃ 'মেডিকেল কলেজ হাসপাতাল ব্যবস্থাপনা: জনবান্ধব স্বাস্থ্যসেবা ও উদ্ভাবন' বিষয়ক সোশ্যাল মিডিয়া সংলাপ।

উপর্যুক্ত বিষয়ে গত ২২ মার্চ ২০১৭ তারিখে মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত সোশ্যাল মিডিয়া সংলাপ এর রেকর্ড অব নোটস সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য এসাথে প্রেরণ করা হলো।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
অতিঃ সচিব (প্রশাসন)
ডাইরী নং........তারিখ........
যুগ্ম সচিব (প্রশাসন)
যুগ্ম সচিব (পার)
উপ-প্রধান (যুগ্ম সচিব) HRM
উপ সচিব........
সিঃ সঃ সচিব........
সহকারী সচিব........
ব্যক্তিগত কর্মকর্তা........
অন্যান্য........
অতিঃ সচিব প্রশাসন

সংলগ্নীঃ বর্ণনামতে।

(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম
☎ ৮১৪২৭০০

বিতরণঃ

১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ
মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) এর একান্ত সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়।

রেকর্ড অব নোটস

# প্রধানমন্ত্রীর কার্যালয়
## একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

বিষয়ঃ 'মেডিকেল কলেজ হাসপাতাল ব্যবস্থাপনা: জনবান্ধব স্বাস্থ্যসেবা ও উদ্ভাবন' বিষয়ক সোশ্যাল মিডিয়া সংলাপ-এর সারসংক্ষেপ।

| | |
|---|---|
| তারিখ ও সময়: | ২২ মার্চ ২০১৭; বিকাল ৩.৩০-৫.৩০ টা। |
| আয়োজনে: | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |
| সহযোগিতায়: | এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগ। |
| সংলাপের উদ্দেশ্য: | মেডিকেল কলেজ হাসপাতাল ব্যবস্থাপনায় অধিক স্বচ্ছতা, জবাবদিহিতা, উদ্ভাবন ও উত্তম চর্চা নিশ্চিত করার লক্ষ্যে বিদ্যমান সমস্যা ও সমাধান অগ্রগতি পর্যালোচনা ও প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা। |
| উপস্থাপনা: | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |
| সঞ্চালনা ও সভাপতি: | মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়। |

মেডিকেল কলেজ হাসপাতালে জনবান্ধব স্বাস্থ্যসেবা ও উদ্ভাবন বাস্তবায়নে অগ্রগতি, সমস্যা, সমাধান ও সম্ভাবনা পর্যালোচনা করার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে উক্ত সোশ্যাল মিডিয়া সংলাপটি অনুষ্ঠিত হয়। ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে সংলাপটি সঞ্চালনা ও সভাপতিত্ব করেন মুখ্য সমন্বয়ক (এসডিজি)। সংলাপে সোশ্যাল মিডিয়ার মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদানে সমস্যা সমাধান করার অগ্রগতি উপস্থাপনা করেন মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর। প্রধানমন্ত্রীর কার্যালয়ে আরো উপস্থিত ছিলেন সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও এটুআই প্রতিনিধি। ভিডিও কনফারেন্স-এর মাধ্যমে যুক্ত ছিলেন সারা বাংলাদেশ থেকে মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক, তত্ত্বাধায়ক/প্রতিনিধি, রেসিডেন্ট ফিজিসিয়ান, রেসিডেন্ট সার্জন, মেডিকেল কলেজের অধ্যক্ষ, চিকিৎসক, ৪র্থ-৫ম বর্ষের ছাত্র-ছাত্রী, সিভিল সার্জন, সিটিজেন জার্নালিস্ট ও সাংবাদিক। সংলাপটি বিটিভিতে সরাসরি সম্প্রচার করা হয়। পাশাপাশি, সংলাপটি ফেসবুক লাইভে সম্প্রচারিত হয় এবং দেশ ও দেশের বাহির হতে ৬৫,১৫৭ জন যুক্ত হয় এবং তারা প্রশ্ন, মন্তব্য ও সুপারিশ পাঠায়।

সংলাপে মেডিকেল কলেজ হাসপাতালে জনবান্ধব স্বাস্থ্যসেবা ও উদ্ভাবন বাস্তবায়ন অগ্রগতি ও উত্তম চর্চা পর্যালোচনা করা হয়। পাশাপাশি, চলমান সকল উত্তম চর্চা কিভাবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নেতৃত্বে মেডিকেল কলেজ হাসপাতালে ছড়িয়ে দেয়া যায় তাও পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ

১) একাধিক মেডিকেল কলেজ হাসপাতালে স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবস্থাপনা, ভিজিটর ম্যানেজমেন্ট, দালাল/সিন্ডিকেট মুক্ত হাসপাতাল, উন্নত হোস্টেল ব্যবস্থাপনা, পরিচ্ছন্ন ও উন্নত স্বাস্থ্য সেবা ইত্যাদি উত্তম চর্চা চলমান রয়েছে। এ সকল উত্তম চর্চার স্বীকৃতি প্রদান এবং সকল মেডিকেল কলেজ হাসপাতালে এমন উত্তম চর্চা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রয়োজনীয় উৎসাহ ও নির্দেশনা প্রদান করা।

২) মেডিকেল কলেজ হাসপাতালে পরিচ্ছন্নতা কার্যক্রম জোড়দার করার লক্ষ্যে প্রতি ঘন্টায় টয়লেট পরিস্কার করার কার্যক্রম গ্রহণ করা। এক্ষেত্রে ক্লিনারদের জবাবদিহিতা নিশ্চিত করা ও উৎসাহ প্রদানের জন্য প্রতিটি টয়লেটে দায়িত্বপ্রাপ্ত ক্লিনারের তথ্য (নাম, ছবি, মোবাইল নম্বর ইত্যাদি) টাঙ্গিয়ে দেওয়া যেতে পারে। ক্লিনারদের মধ্যে ভাল কাজের প্রতিযোগিতা বৃদ্ধির লক্ষ্যে "Man of the Month" ঘোষণা এবং নির্দিষ্ট স্থানে এক মাসের জন্য ছবিসহ তথ্য প্রদর্শনের ব্যবস্থা করা।

৩) যশোর জেলার স্বাস্থ্ সেবায় "চৌগাছা মডেল" আগামী এক বছরের মধ্যে যশোরের সকল উপজেলায় চালু করা এবং পর্যায়ক্রমে অন্যান্য জেলায় চালু করা।

৪) আউটডোর রোগী দূর্ভোগ কমানোর জন্য ''Digital Ticket System'' চালু করা।

৫) মেডিকেল কলেজ হাসপাতালের ডাক্তার ও স্টাফের তুলনায় আউটডোর ও ইনডোরে রোগীর সংখ্যা বেশি। এ সমস্যা সমাধানের জন্য স্থানীয়ভাবে আরো বেশিসংখ্যক উদ্ভাবক ও উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা দরকার। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক স্বল্প সময়ের মধ্যে উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করার মাধ্যমে উদ্ভাবক ও উদ্ভাবনী উদ্যোগ উভয়ই বৃদ্ধি করা সম্ভব। এটুআই উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশালা আয়োজনে কারিগরী সহায়তা প্রদান করবে।

৬) মেডিকেল কলেজ হাসপাতালের বিভিন্ন কার্যক্রমে (আউটডোর সার্ভিস, ডায়াগনষ্টিক সার্ভিস, ব্লাডব্যাংক ইত্যাদি) দালালের প্রভাব রয়েছে। এছাড়াও কোন কোন হাসপাতালে কতিপয় সিন্ডিকেট রয়েছে। এর ফলে সেবা গ্রহিতার দুর্ভোগ বাড়ে। এ সমস্যা কাটিয়ে উঠতে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে উত্তম চর্চার দৃষ্টান্ত সৃষ্টি করার জন্য সংশ্লিষ্ট চিকিৎসক ও কর্মকর্তাদের উৎসাহ প্রদান করা। এছাড়াও ফেসবুক পেজে নাগরিক সম্পৃক্তা বাড়িয়ে এ সমস্যা সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

৭) হাসপাতালের ইন্টার্ন ডাক্তার ও রোগী/ভিজিটরদের সাথে সম্পর্ক ভাল করার কার্যক্রম গ্রহণ করা।

৮) পরবর্তি সংলাপের বিষয়-''স্বাস্থ্য খাতে জনবল: জনবান্ধব স্বাস্থ্যসেবা'', যা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এপ্রিল ২০১৭-এ আয়োজন করবে।